দৈনিক
ইনকিলাব

তারিখ ... 1 0 MAR 2008...
পৃষ্ঠা 2 কলাম 6

# স্কুল-কলেজের ম্যানেজিং কমিটির সভাপতি নিয়োগ নতুন নির্দেশনা

স্টাফ রিপোর্টার : স্কুল কলেজের ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদে শুধু ডিসি, এডিসি ও ইউএনওদের নিয়োগ দেয়া যাবে না। এ পদে শিক্ষাবিদ, সুশীল সমাজের প্রতিনিধি, সমাজকর্মী ও অবসরপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়োগ দেয়ার জন্য প্রধান উপদেষ্টা ড. ফখরুদ্দীন আহমদ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। প্রধান উপদেষ্টা এজন্য একটি গাইড লাইন তৈরীর জন্যও নির্দেশনা দিয়েছেন।

উল্লেখ্য, বর্তমান ডিসি, এডিসি ও ইউএনওদের মধ্যে অনেকেই ৩০টি পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটির সভাপতি পদে রয়েছেন।